গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

সংসদ ও সমন্বয় শাখা

# নৌপরিবহন মন্ত্রণালয়ের মার্চ ২০২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>সচিব |
| সভার তারিখ | ৩০.০৩.২০২৩ |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ। পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ। |

সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সংসদ ও সমন্বয়) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ২৭-০২-২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোন সংশোধনী না থাকায় গত ২৭-০২-২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |
| ২. | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি | উপসচিব (সুশাসন) ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান, এপিএ-তে সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার এপিএ টীম কর্তৃক নিয়মিত সভা করা হয়।<br>ইতোমধ্যে ২য় কোয়ার্টারশেষে হয়েছে। সুতরাং অবশিষ্ট সময়ের মধ্যে এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এখনই কার্যক্রম শুরুর উপর জোর দিতে হবে মর্মে সভাপতি জানান। | এপিএ-তে সংশোধিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার এপিএ টীম নিয়মিত সভা করবে। দপ্তর/সংস্থার প্রধানগণ ও মন্ত্রণালয়ের এপিএ টীম লিডার বিষয়টি নিশ্চিত করবেন। | ১. দপ্তর ও সংস্থা প্রধান (সকল)।<br>২. এপিএ টীম লিডার নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ | সিস্টেম এনালিস্ট মন্ত্রণালয় ও দপ্তর সংস্থাসমূহের ই-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে,<br>ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৮৫% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নৌপরিবহন মন্ত্রণালয় ৯৫.৩২% ফাইল ই-নথিতে সম্পন্ন করেছে। সংস্থা সমূহের অগ্রগতি সন্তোষজনক। তবে বিআইটিসি'র কার্যক্রম আরো বেগবান করা প্রয়োজন। বরিশাল মেরিন একাডেমিতে মার্চ মাসের শেষ নাগাদ ই-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম চালু হবে। পরবর্তীতে জাতীয় নদী রক্ষা কমিশন, সিলেট ও পাবনা মেরিন একাডেমীতে ই-নথিতে কার্যক্রম চালু হবে।<br>খ. সভাপতি কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয় আওতাধীন যেসকল দপ্তর/সংস্থায় ই-নথিতে কার্যক্রম এখনও শুরু করেনি সেসকল দপ্তর/সংস্থাকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথিতে নথি বা কার্যসম্পাদনে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>ঘ) সভাপতি বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশনের ই-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম বাড়ানোর নির্দেশনা প্রদান করেন।<br>সভাপতি দপ্তর/সংস্থাসমূহকে ই-নথিতে পরবর্তীতে লক্ষ্যমাত্রা অর্জন করবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। | ১. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ই-নথিতে নথি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br>২. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৪. | অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থসমূহের ৩৮৫টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৮৪৪টি অগ্রিম অডিট আপত্তি ও ১৫১টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১৩৮০ টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এগুলোর সাথে ১৩৯৭২.১২ কোটি টাকা জড়িত আছে। নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৪৫টি নিষ্পত্তির পরিমাণ ৪৫.২২ কোটি টাকা।<br>তিনি জানান, দপ্তর/সংস্থা সমূহের সর্বোচ্চ আর্থিক ৫টি অডিট আপত্তি জনিত আপত্তির তথ্য চবক কর্তৃক পাওয়া গেছে। অন্য সংস্থাকে তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। | ১. মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২. দপ্তর/সংস্থা সমূহের সর্বোচ্চ আর্থিক ৫টি অডিট আপত্তি চিহ্নিত করে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১.সকল দপ্তর/সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয় |
| ৫. | দেওয়ানী মামলা সংক্রান্ত তথ্য | উপসচিব (অডিট ও আইন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৫০৪টি। ৪৮৯টির জবাব দাখিল করা হয়েছে; ১৫টির জবাব দাখিল করা হয়নি। জবাব দাখিলের কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি রিট ও দেওয়ানী মামলাসমূহের সঠিক হিসাব রাখা, প্রয়োজনে আইনজীবী নিয়োগ এবং যথাসময়ে জবাব প্রদান এবং নিষ্পত্তির জন্য দপ্তর/সংস্থা সমূহের প্রধানগণকে অনুরোধ জানান। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের মামলা নিষ্পত্তির জন্য প্রয়োজনে আইনজীবী নিয়োগ করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার মামলার সঠিক হিসাব রাখতে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | তথ্য অধিকার আইন (আরটিআই) | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সভায় জানান, সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে। তিনি জানান (১) তথ্য অধিকার আইনের ৫ নং ধারার বিধান মোতাবেক স্বপ্রণোদিত তথ্য প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তথ্য সমূহ চলমানভাবে হালনাগাদ করা হচ্ছে।<br>২. তথ্য অধিকার আইনের ৬ ধারা মোতাবেক স্ব-প্রণোদিত তথ্যের শ্রেণিবিন্যাস করণসহ (ক্যাটালগকরণ) সকল তথ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। এখন ওয়েবসাইটে ক্লিক নির্দেশিত লিংকে প্রবেশ করে বিস্তারিত তথ্য জানা যাচ্ছে। তিনি জানান তথ্য ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা হচ্ছে। ২০২১-২২ এর বার্ষিক প্রতিবেদন ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।<br>সভাপতি এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. মন্ত্রণালয়েরে এ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৭ | ক্যাডার সার্ভিসের নাম-পদবি ব্যবহার সংক্রান্ত | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভায় জানান যে, বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে গত ১৬-০৮-২০২২ তারিখে অনুমোদন পাওয়া যায়। এ প্রেক্ষাপটে বিআইডব্লিউটিএ'র পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণের নিমিত্ত প্রস্তাব গত ১৪-০২-২০২৩ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>অপরদিকে জাতীয় নদী রক্ষা কমিশনের পদনাম/পদবি পরিবর্তনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ০৭-০৯-২০২২ তারিখে অনুমোদন পাওয়া যায় এবং অর্থ বিভাগ থেকে গত ৩১-০১-২০২৩ তারিখে অনুমোদন পাওয়া যায়। অর্থ বিভাগের সম্মতি পত্রের 'ক' শর্ত মোতাবেক প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে যার কাজ চলমান রয়েছে।<br>সভাপতি জানান, ইতিমধ্যে নাম পদবি পরিবর্তনে যথেষ্ট অগ্রগতি হয়েছে। পরবর্তী অগ্রগতির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/মোবক/পাবক/ বাস্থবক ও বিআইডব্লিউটিএ। |
| ৮ | **বিবিধ:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.১ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত। | উপসচিব (টিএ) সভাকে অবহিত করেন যে, অতিরিক্ত সচিব (সংস্থা- ১) জনাব এস এম ফেরদৌস আলম-কে নিয়ে গঠিত কমিটির আহবায়ক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। কমিটির আহবায়ক বিআইডব্লিউটিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে এ বিষয়ে ২১-০৮-২০২২ তারিখে একটি সভা করেন। এ ছাড়াও তিনি গত ১০-২০২২ তারিখে মজুচৌধুরীর হাট ঘাট নিয়ে জেলা প্রশাসক, লক্ষীপুরের সাথে ১৯-১০-২০২২ তারিখে কুমিরা ও গুপ্তছড়া ঘাট নিয়ে স্থানীয় সংসদ সদস্য, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, জেলা প্রশাসক, চট্টগ্রাম এবং জেলা পরিষদ, চট্টগ্রাম এর প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে সভা করেন। অতপর গত ২২-১১-২০২২ তারিখে কমিটির আহবায়কের সভাপতিত্বে সংশ্লিষ্টদের নিয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের মধ্যস্থতায় দীর্ঘদিন যাবৎ বিরাজমান এ বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত বিস্তারিত তথ্য সম্বলিত একটি প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য গত ০৮-০১-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ-কে পত্র প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ দ্রুত নিষ্পত্তি করার অনুরোধ জানান। | বিআইডব্লিউটিএ'র বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ ও<br>২.উপসচিব (টিএ) নৌপরিবহন মন্ত্রণায়। |
| ৯ | ৮.২বিভাগীয় মামলার তথ্য প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন নৌপরিবহন অধিদপ্তরের চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (১) জনাব এ কে এম ফখরুল ইসলাম, (২) জনাব এস এম নাজমুল হক, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (৩) জনাব মির্জা সাইফুর রহমান-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান রয়েছে।<br>উপসচিব (প্রশাসন) জানান যে, উপর্যুক্ত ৩ (তিন) টি মামলার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। মামলা দ্রুত নিষ্পত্তি জন্য কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি দপ্তর/সংস্থাপ্রধানগণ তাদের বিভাগীয় মামলার বিষয়টি দ্রুত নিষ্পত্তি করার জন্য সভাকে অবহিত করেন। | মন্ত্রণালয় এবং দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৮.৩ ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ বিএসসি'র জাহাজ সম্পর্কে আলোচনা | উপসচিব (সংসদ ও সমন্বয় ) জানান যে, বিএসসি'র জাহাজ এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের সর্বশেষ অবস্থা। এমডি, বিএসসি জানান যে ইন্সুরার ও রিইন্সুরারের কাছ থেকে ক্ষতিপূরণ পাওয়া গেছে।<br>সভাপতি ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের ক্ষতিপূরণ পাওয়ার বিষয়টি প্রেস রিলিজের মাধ্যমে সকলকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ইউক্রেন যুদ্ধে ক্ষতিগ্রস্থ এম ভি বাংলার সমৃদ্ধি জাহাজের ক্ষতিপূরণ প্রাপ্তির বিষয়টি প্রেস ব্রিফিং/প্রেস রিলিজের মাধ্যমে সকলকে অবহিত করতে হবে। | ১. ব্যবস্থাপনা পরিচালক বিএসসি<br>২. উপসচিব (বিএসসি) নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.৪ পাবক-এর পরিচালক অর্থ/যুগ্ম পরিচালক (এস্টেট) পদে নিয়োগ প্রসঙ্গ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) সভাকে অবহিত করেন যে, পায়রা বন্দর কর্তৃপক্ষের পত্র নম্বর-১৮.২১. ৭৮৬৬.০০১.১৯.০০৩.২২.৩০ তারিখ: ২৭-০৩-২০২৩ খ্রি. মোতাবেক পরিচালক (অর্থ) এবং যুগ্মপরিচালক (এস্টেট) পদে প্রেষণে নিয়োগ প্রদানের জন্য এ মন্ত্রণালয় পত্র প্রেরণ করে। সে প্রেক্ষিতে নৌপরিবহন মন্ত্রণালয় হতে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর উক্ত পদসমূহে প্রেষণে পদায়নের নিমিত্তে পত্র প্রেরণ করা হয়।<br>সভাপতি অবশিষ্ট পদসমূহ জরুরী ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (অর্থ) এবং যুগ্ম পরিচালক (এস্টেট) পদটি জরুরি ভিত্তিতে পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, পাবক ও উপসচিব (পাবক) নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৮.৫ মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের বাজেট বাস্তবায়ন ও আর্থিক প্রতিবেদন প্রকাশ সংক্রান্ত। | উপসচিব (বাজেট) সভায় নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের প্রথম প্রান্তিক বাজেট বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২১-২২ সালের আর্থিক প্রতিবেদন প্রকাশ সম্পর্কিত তথ্য উপস্থাপন করেন।<br>সভাপতি পরিকল্পনা অনুসারে বাজেট বাস্তবায়ন এবং স্থানীয় প্রতিনিধিদের সাথে যোগাযোগ করে প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করেন। | যথাযথভাবে মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ সালের বাজেট বাস্তবায়ন করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. উপসচিব, বাজেট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৮.৬ মোবক-এর গৃহনির্মাণ ঋণ নীতিমালা এবং কর্মচারী প্রবিধানমালা অনুমোদন | উপসচিব (মোবক) গৃহনির্মাণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা বিষয়ে সর্বশেষ অগ্রগতি সভাকে জানান যে, গৃহনির্মাণ ঋণ নীতিমালা প্রণয়নের লক্ষ্যে গত ০৫-০১-২০২৩ তারিখে অতিরিক্ত সচিব (বন্দর) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন ২০২২ এর ৫৮ ধারার ক্ষমতা বলে কর্মচারী প্রবিধানমালা ২০২৩ গ্রহণের জন্য পূর্নাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য ৮ জানুয়ারি মোংলা বন্দর কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে। উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, গৃহনির্মাণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। | মোবক-এর গৃহনির্মান ঋণ নীতিমালা ও কর্মচারী প্রবিধানমালা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ<br>২. উপসচিব (মোবক) নৌপরিবহন মন্ত্রণালয় |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.৭ বিদ্যমান আইন পরিবর্তন/সংশোধন প্রসঙ্গে | উপসচিব (বিআইডব্লিউটিএ) জানান যে, The Ports Act, 1908: 'The Ports (Amendment) Act, 2015'-এর খসড়ার পরিবর্তে 'বন্দর আইন, ২০১৯' প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। এ লক্ষ্যে 'বন্দর আইন, ২০১৯' প্রণয়নের লক্ষ্যে বিল আকারে প্রস্তাবিত আইনের খসড়াসহ হালনাগাদ তুলনামূলক বিবরণী (বিদ্যমান সংশ্লিষ্ট বিধান, প্রস্তাবিত বিধান ও প্রস্তাবিত বিধানের স্বপক্ষে যৌক্তিকতা) সন্নিবেশ করে প্রণিতব্য আইনের খসড়ার ১৫ (পনের) সেট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২৩-১০-২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সেই সাথে The Ports Act, 1908: 'The Ports (Amendment) Act, 2015'-এর খসড়ার পরিবর্তে 'বন্দর আইন, ২০২২' এর খসড়া বাংলা ভাষা বাস্তবায়ন কোষ (বাবাকো)-তে প্রেরণের নিমিত্ত মূল আইন (The Ports Act, 1908) এর ৫ কপি, প্রস্তাবিত 'বন্দর আইন' ২০২২, এর খসড়া ৬ কপি (১.৫ লাইন স্পেস সম্বলিত) এবং এর সফট কপি জরুরী ভিত্তিতে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য গত ০৫-০৩-২০২৩ তারিখে বিআইডব্লিউটিএ-কে অনুরোধ করা হয়। | সকল প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ পূর্বক বন্দর আইন ২০১৯ প্রণয়ন নিশ্চিত করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ<br>২. উপসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৮.৮ বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো অনুমোদন | উপসচিব (টিএ) জানান যে, গত ০৫-০৩-২০২৩ তারিখে বিআইডব্লিউটি'র প্রস্তাবিত সাংগঠিক কাঠামো যাচাই-বাছাই/পর্যালোচনা করার জন্য যুগ্মসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়-কে আহবায়ক করে ৪ (চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।<br>সভাপতি বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো তৈরির কাজ দ্রুত শেষ করার নির্দেশনা প্রদান করেন। | বিআইডব্লিউটিএ'র সাংগঠনিক কাঠামো দ্রুত অনুমোদন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ<br>২. উপসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়। |
| | ৮.৯ মোবকে সদস্য (অর্থ) পদটি পূরণ সংক্রান্ত | মোংলা বন্দরের চেয়ারম্যান জানান যে, মোবকের সদস্য (অর্থ) পদটি দীর্ঘদিন যাবৎ শূণ্য রয়েছে। তিনি দ্রুত পদটি পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>সভাপতি পদটি দ্রুত পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনতিবিলম্বে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | পদটি পূরণের জন্য অনতি বিলম্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | মোবক |
| | ৮.১০ অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ। | উপসচিব (সংসদ ও সমন্বয়) জানান যে, দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থা প্রধানগণ সভাকে অবহিত করার অনুরোধ করেন। দপ্তর ও সংস্থা সমূহের অনিষ্পন্ন তালিকা স্ব স্ব দপ্তর/সংস্থাপ্রধানগণ সভাকে অবহিত করেন।<br>সভাপতি অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য তালিকা সরবরাহের জন্য দপ্তর ও সংস্থা প্রধানগণকে অনুরোধ করেন। | সকল দপ্তর ও সংস্থার প্রধানগণকে দ্রুত অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ করতে হবে। | ১. মন্ত্রণালয়<br>২. দপ্তর ও সংস্থা। |

১০। আলোচনায় অংশ নিয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক চট্টগ্রাম বন্দরে আইন কর্মকর্তা প্রদান করায় সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়-কে ধন্যবাদ জানানো হয়।

১১। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তফা কামাল
সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩২.০৬.০০১.২২.১১

তারিখ: ২০ চৈত্র ১৪২৯
০৩ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা
৩) নৌপরিবহন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা
৪) চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, নৌপরিবহন মন্ত্রণালয়।

মোঃ মনিরুজ্জামান মিঞা
উপসচিব